

💵 রূহ সম্পর্কিত সংক্ষিপ্ত মাসআলাসমূহ

বিভাগ/অধ্যায়ঃ রূহ সম্পর্কে বিভিন্ন গুরুত্বপূর্ণ মাস'আলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অষ্টম মাসআলা: কবরের ভয়াবহ 'আযাব সম্পর্কে জানা এবং এর প্রতি ঈমান আনা; যাতে মানুষ এ 'আযাব থেকে পরিত্রাণ পায়, এতো গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও আল-কুরআনে এব বর্ণনা উল্লেখ না থাকার হিকমত কী?

উত্তর: এ প্রশ্নের উত্তর সংক্ষেপে ও বিস্তারিত দুভাবেই দেওয়া যায়:

সংক্ষেপে বলতে গেলে, আল্লাহ তাঁর রাসূলের প্রতি দু'ধরণের অহী নাযিল করেছেন এবং তিনি তাঁর বান্দার ওপর এসব অহীর প্রতি ঈমান আনা ও সে অনুযায়ী আমল করা ফরয করে দিয়েছেন। এ দু'ধরণের অহী হলো, আল-কুরআন ও হিকমাহ তথা সুন্নাহ। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ وَأَنزَلَ ٱللَّهُ عَلَياكَ ٱللَّكِتُبَ وَٱللَّحِكَ مَةَ ١١٣ ﴾ [النساء: ١١٣]

"আল্লাহ আপনার প্রতি কিতাব ও হিকমাহ নাযিল করেছেন।" [সূরা আন-নিসা, আয়াত: ১১৩] এ আয়াতে কিতাব দ্বারা আল-কুরআন ও হিকমাহ দ্বারা সুন্নাহকে বুঝানো হয়েছে বলে সব সালাফে সালেহীন তথা সৎপূর্বসূরীগণ মত দিয়েছেন। অতএব, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সেসব সংবাদ দিয়েছেন সেসব সংবাদ সত্যায়ন করা ও এর প্রতি ঈমান আনা ফরয (অর্থাৎ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কবরের 'আযাব সম্পর্কে হাদীসে বর্ণনা করেছেন)।

আর বিস্তারিতভাবে বলতে গেলে বলা যায় যে, কবরের 'আযাব সম্পর্কে কুরআনের অনেক আয়াতে উল্লেখ রয়েছে। তনাধ্যে,

১- আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ وَلُوا ۚ تَرَىٰٓ إِذِ ٱلظُّلِمُونَ فِي غَمَرُتِ ٱلاَمَواتِ وَٱلاَمَلَّئِكَةُ بَاسِطُوۤاْ أَيادِيهِمِ ٱلْخارِجُوۤاْ أَنفُسَكُمُ ۗ ٱلاَيوامَ تُولُونَ عَلَى ٱللَّهِ غَيارَ ٱلاَحَقِّ وَكُنتُم ۚ عَن اَ ءَلِيَهِ ۚ تَساتَكابِرُونَ ٩٣﴾ تُجازَوان عَلَى ٱللَّهِ غَيارَ ٱلاَحَقِّ وَكُنتُم عَن اَ عَلَيْتِهِ تَساتَكابِرُونَ ٩٣﴾ [الانعام: ٩٣]

"আর যদি আপনি দেখতেন, যখন যালিমরা মৃত্যু কস্টে থাকে, এমতাবস্থায় ফিরিশতারা তাদের হাত প্রসারিত করে আছে (তারা বলে), 'তোমাদের জান বের কর। আজ তোমাদেরকে প্রতিদান দেওয়া হবে লাঞ্ছনার 'আযাব, কারণ তোমরা আল্লাহর উপর অসত্য বলতে এবং তোমরা তার আয়াতসমূহ সম্পর্কে অহঙ্কার করতে। [সূরা আল-আন'আম, আয়াত: ৯৩] এ আয়াতে (عذاب الهون) বলতে কবরের 'আযাবকে বুঝানো হয়েছে যা জাহান্নামের কঠিন 'আযাবের আগে ভোগ করবে।

২- আল্লাহ তা'আলা ফির'আউনের বংশধরদের সম্পর্কে বলেছেন,

﴿ٱلنَّارُ يُعارَضُونَ عَلَياهَا غُدُوًّا وَعَشِيًّا وَيَواهَمَ تَقُومُ ٱلسَّاعَةُ أَدا خِلُوٓاْ ءَالَ فِرا عَوانَ أَشَدَّ ٱلاَعَذَابِ٢٦﴾ ﴿ٱلنَّارُ يُعارَضُونَ عَلَياهَا غُدُوًا وَعَشِيًّا وَيَواهَمَ تَقُومُ ٱلسَّاعَةُ أَدا خِلُوٓاْ ءَالَ فِرا عَوانَ أَشَدَّ ٱلاَعَذَابِ٢٦﴾ ﴿



"আগুন, তাদেরকে সকাল-সন্ধ্যায় তার সামনে উপস্থিত করা হয়, আর যেদিন কিয়ামত সংঘটিত হবে (সেদিন ঘোষণা করা হবে), 'ফির'আউনের অনুসারীদেরকে কঠোরতম 'আযাবে প্রবেশ করাও।" [সূরা গাফির, আয়াত: ৪৬]

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5822

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন